

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.০২২.০০২.২০১৮-৬৬

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা সংক্রান্ত।

সূত্র : স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৬১.০১৩.০৯.১৭-২১, তারিখঃ ১৫/০১/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক Multisectoral Action Plan for Prevention and Control of Non- Communicable Diseases (2016-2021) প্রণয়নের স্বাস্থ্য সেবা বিভাগের চাহিদা অনুযায়ী আলোচ্য বিষয়ে স্থানীয় সরকার বিভাগের মতামত নিম্নোক্তভাবে কর্মপরিকল্পনার সারণি-২ এ প্রতিফলনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) মন্ত্রণালয়ের নাম : স্থানীয় সরকার, গ্রাম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পরিবর্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসেবে লিপিবদ্ধ করা। এছাড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় দুটি বিভাগ যথাক্রমে স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ নিয়ে গঠিত মর্মে উল্লেখ করা।

(খ) প্রধান কৌশলগত অধ্যায়ে স্থানীয় সরকার বিভাগের সম্পৃক্ততা নিম্নোক্তভাবে উল্লেখ করা যেতে পারে :

- সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা করা;
- অবকাঠামো উন্নয়ন এবং পরিবেশ বান্ধব উদ্যান পার্ক তৈরী;
- তামাক নিয়ন্ত্রণ ও খাদ্য নিরাপত্তা সংক্রান্ত আইন বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যকর ভূমিকা পালন;
- নগর প্রাথমিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অসংক্রামক রোগের পরীক্ষা-নিরীক্ষা ও রোগ সনাক্তকরণ;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে অসংক্রামক রোগ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ।

(গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ যেহেতু আলাদা সেহেতু বিবেচ্য বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ উক্ত বিভাগের মতামত নিতে পারে।


(ড. কে এম কামরুন্নামান সেলিম)

উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

watersupply_02@yahoo.com

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃ আঃ যুগ্মসচিব, জনস্বাস্থ্য-২)

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।